গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সংস্থাপন শাখা, প্রশাসন বিভাগ
১৬,আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

নং- ১৩.০১.০০০০.০৩১.১১.০০৩.২৫-৮৩৯ তারিখ: ০৯/১১/২০২৫খ্রি.

**বিজ্ঞপ্তি**

**বিষয়: ২য় পর্যায়ে ড্রাইভার পদের শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে নির্বাচিত প্রার্থীদের ফলাফল প্রকাশ।**

খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ৩১/০৮/২০২৩ তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০৫.২২.৮০২ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি এবং ০৯/০৩/২০২৫খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৩১.১১.০০৩.২৫-১৯৮(১২০) নং স্মারকে জারিকৃত পুন:নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে গৃহিত নিয়োগ পরীক্ষার ভিত্তিতে সরাসরি কোটায় নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান সকল বিধি-বিধান অনুসরণ করে ২য় পর্যায়ে ড্রাইভার পদের ৫০টি শূন্যপদে জনবল নিয়োগের নিমিত্ত নির্বাচিত প্রার্থীদের ফলাফল খাদ্য মন্ত্রণালয় (www.mofood.gov.bd) ও খাদ্য অধিদপ্তরের (www.dgfood.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হলো। পদভিত্তিক ফলাফলের তালিকা (মেধাক্রম অনুসারে নয়) অত্র বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হলো।

উল্লেখ্য, সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে:

(১) নিয়োগের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে।

(২) খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্বাচিত প্রার্থীদের পরবর্তীকালে কোনো যোগ্যতা বা কাগজপত্রের ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুল ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে প্রার্থীকে ফৌজদারী আইনে সোপর্দ করা হবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(৩) নির্বাচিত প্রার্থীদের আগামী ২৪/১১/২০২৫খ্রি. তারিখের মধ্যে "প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই ফরম" (পুলিশ ভেরিফিকেশন ফরম) পূরণপূর্বক মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর দাখিল করতে হবে। দাখিলকৃত "প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই ফরম" (পুলিশ ভেরিফিকেশন ফরম) ও প্রার্থীর পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে উপযুক্ত হিসেবে বিবেচিত হওয়া সাপেক্ষে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে।

(৪) খাদ্য অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সাপেক্ষে চূড়ান্ত নিয়োগপত্র জারি করা হবে। যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষার সময়সূচি ও নির্ধারিত প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করা হবে।

(৫) চাকরিতে প্রবেশকালে প্রার্থীগণকে খাদ্য অধিদপ্তর কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানের মাধ্যমে ডোপ টেস্ট সম্পন্ন করতে হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০, তারিখ ১৮/০৯/২০১৮ খ্রি. মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার কর্তৃক স্বাস্থ্য সংক্রান্ত মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) যাচাই করা হবে। যথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে ডোপ টেস্ট এর সময়সূচি ও নির্ধারিত প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করা হবে।

(৬) প্রকাশিত ফলাফলে কোনো উল্লেখযোগ্য (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০৯/১১/২০২৫
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপ-পরিচালক (সংস্থাপন)
প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

g:\my drive\নিয়োগ ২০২৫\niog forwarding 2025 - ঠাকুর.docx

নং- ১৩.০১.০০০০.০৩১.১১.০০৩.২৫ -৮৫৯(৫৭০)　　　　তারিখ: ০৯/১১/২০২৫খ্রি.

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা;
৫) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৭) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (সংশ্লিষ্ট সিভিল সার্জনগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য)
৮) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৯) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর
১০) উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
১১) যুগ্ম সচিব, প্রশাসন-২ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পওকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
১৩) পরিচালক, ব্যুরো অফ রিসার্চ, টেস্টিং এন্ড কনসালটেশন (বিআরটিসি), বুয়েট;
১৪) জনাব ডঃ মোঃ লিয়াকত আলী, অধ্যাপক ও প্রকল্প সমন্বয়কারী, আইআইসিটি, বুয়েট, ঢাকা;
১৫) জনাব ড. হোসেন আসিফুল মোস্তফা, অধ্যাপক ও পরিচালক, আইআইসিটি, বুয়েট;
১৬) বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
১৭) উপসচিব, বিধি-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮) উপসচিব, অভ্যন্তরীন প্রশাসন-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
২০) অতিরিক্ত পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
২১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ;
২২) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা;
২৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা;
২৪) সাইলো অধীক্ষক, (সকল)
২৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা;
২৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
২৭) সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
২৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
২৯) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)
৩০) উপপরিচালক, পিপিটি/তদন্ত ও মামলা/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩১) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি জাতীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৩২) অফিস কপি;
৩৩) মাস্টার কপি।

০৯/১১/২০২৫

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপ-পরিচালক (সংস্থাপন)
প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি

g:\my drive\নিয়োগ ২০২৫\niog forwarding 2025 - ঠাকুর.docx

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## **খাদ্য অধিদপ্তর**

## খাদ্য অধিদপ্তরের নিয়োগ পরীক্ষা ২০২৩

### **পদের নাম: ড্রাইভার**

গত ৩১/০৮/২০২৩ ও ০৯/০৩/২০২৫ খ্রি: তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী খাদ্য অধিদপ্তরের 'ড্রাইভার' পদে চূড়ান্তভাবে নির্বাচিতদের তালিকা (মেধাক্রম অনুসারে নয়)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯৩০০১৯৫ | ৯৩০০৬৫৮ | ৯৩০০৯৭৯ | ৯৩০১৪৮৮ | ৯৩০১৬১৫ | ৯৩০১৬৭৯ |
| ৯৩০১৮৫০ | ৯৩০১৯৯৭ | ৯৩০২০৫৪ | ৯৩০২৬৮৭ | ৯৩০২৮৯১ | ৯৩০৩০৩৪ |
| ৯৩০৩৯০১ | ৯৩০৩৯৯২ | ৯৩০৪০৬০ | ৯৩০৪০৭৬ | ৯৩০৪২০১ | ৯৩০৪৪১৫ |
| ৯৩০৪৪৪৮ | ৯৩০৪৪৫৬ | ৯৩০৪৪৫৯ | ৯৩০৪৫৫৬ | ৯৩০৪৫৯১ | ৯৩০৪৫৯৬ |
| ৯৩০৪৬১১ | ৯৩০৪৬৪৯ | ৯৩০৪৭২৩ | ৯৩০৪৮৮৭ | ৯৩০৪৯৬০ | ৯৩০৫২২৩ |
| ৯৩০৫৩৪৪ | ৯৩০৫৩৫৪ | ৯৩০৫৪২৪ | ৯৩০৫৫৫২ | ৯৩০৫৭৭০ | ৯৩০৬৩৪৪ |
| ৯৩০৬৩৫৩ | ৯৩০৬৫৩২ | ৯৩০৬৫৭৮ | ৯৩০৬৭৬৩ | ৯৩০৭১৭০ | ৯৩০৮০৪৮ |
| ৯৩০৮২৭১ | ৯৩০৮৩১১ | ৯৩০৮৫১৭ | ৯৩০৮৭৬২ | ৯৩০৯২১৬ | ৯৩০৯৬২৫ |
| ৯৩০৯৬৮৯ | ৯৩০৯৮১৭ | | | | |

**সর্বমোট ৫০ জন**